গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ২৪১-আইন/২০২৬/৭১/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৫৯-আইন/২০২৬/১৪/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের শর্তাবলি অংশের-

(১) শর্ত (১) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধা গ্রহণের লক্ষ্যে আমদানিকারক-কে নিম্নের যে কোনো প্রকৃতির হইতে হইবে, যথা:-

(ক) VAT Compliant উৎপাদনকারী প্রতিষ্ঠান যাহারা সৌরবিদ্যুৎ উৎপাদনপূর্বক নিজস্ব প্রতিষ্ঠানে প্রয়োজনীয় চাহিদা মেটাবেন বা প্রযোজ্য ক্ষেত্রে উৎপাদিত বিদ্যুৎ নেট-মিটারিং পদ্ধতিতে জাতীয় গ্রীডে সরবরাহ করিবেন; অথবা

(খ) Renewable Energy Service Company (RESCO) যাহারা নিজস্ব অর্থায়ন ও ব্যবস্থাপনায় সৌরবিদ্যুৎ উৎপাদনপূর্বক সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় অন্য কোনো পক্ষকে বিদ্যুৎ সরবরাহ করেন; অথবা

(গ) VAT Compliant Engineering Procurement and Construction (EPC) প্রতিষ্ঠান যাহারা সৌরবিদ্যুৎ উৎপাদনের নিমিত্ত সোলার প্লান্ট/সিস্টেম স্থাপনের জন্য অন্য কোন প্রতিষ্ঠানের সহিত চুক্তিবদ্ধ থাকিবেন।";

Downloaded from www.taxvatpoint.com

ব্যাখ্যা।- এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে,-

(অ) "VAT compliant" প্রতিষ্ঠান অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী সরবরাহকারী প্রতিষ্ঠান; এবং

(আ) "নবায়নযোগ্য শক্তি সরবরাহকারী প্রতিষ্ঠান (Renewable Energy Service Company" অর্থ এমন কোনো প্রতিষ্ঠান যারা নিজস্ব অর্থায়নের মাধ্যমে উপরোক্ত টেবিলের এক বা একাধিক পণ্যসমূহ আমদানি কিংবা স্থানীয়ভাবে সংগ্রহপূর্বক সৌর বিদ্যুৎ উৎপাদন করে অন্য কোনো পক্ষকে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির আওতায় বিদ্যুৎ সরবরাহ করে।";

(২) শর্ত (৪) এ উল্লিখিত "একটি বিশদ লে-আউট," শব্দগুলি ও কমা বিলুপ্ত হইবে;

(৩) শর্ত (৫) এর পরিবর্তে নিম্নবর্নিত শর্ত (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৫) নবায়নযোগ্য শক্তি সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক (Renewable Energy Service Company) পণ্য আমদানিকালে অন্য কোনো প্রতিষ্ঠান বা জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করার সপক্ষে সুনির্দিষ্ট বিক্রয় চুক্তির প্রত্যয়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে এবং EPC প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকালে EPC চুক্তির প্রত্যায়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে।"; এবং

(৪) শর্ত (৬) এ উল্লিখিত "সোলার প্যানেল," শব্দগুলি ও কমার পর "ইনভার্টার," শব্দ ও কমা সন্নিবেশিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com